(খ) দেবোত্তর সম্পত্তি কাকে বলে? দেবোত্তর সম্পত্তির বৈশিষ্ট্যসমূহ কী কী? "দেবোত্তর সৃষ্টির জন্য প্রকৃত অর্থে দেবতার উদ্দেশ্যে সম্পত্তি উৎসর্গীকৃত হতে হবে"—ব্যাখ্যা কর।

(গ) বিগ্রহ আইনের চোখে ব্যক্তি কিনা?]

10. Write short notes on any **four** of the following :

(a) Migration in Hindu Law.

(b) Factum valet

(c) Doctrine if Representation

(d) Co-heirs

(e) Sapinda

(f) Approved forms of Marriage.

[(ক) হিন্দু আইনে দেশান্তরগমন

(খ) ফ্যাকটাম ভ্যালেট

(গ) প্রতিনিধিত্ব মতবাদ

(ঘ) সহ-অংশীদার

(ঙ) সপিণ্ড

(চ) অনুমোদিত বিবাহ।]

LLB. PART-I EXAMINATION, 2022

Constitutional Law of Bangladesh, UK and USA

Subject Code: 505

Time—4 hours

Full marks—100

[N.B. All questions are of equal value. Answer any four questions from group A and two questions each from group B and group C.]

Group A—Constitution of Bangladesh

1. *(a)* Explain the importance of the preamble of the constitution of Bangladesh.

   (b) Can the preamble of the constitution of Bangladesh be amended? Discuss with reference to the judgments pronounced in leading cases.

   [(ক) বাংলাদেশের সংবিধানের প্রস্তাবনার গুরুত্ব ব্যাখ্যা কর।

   (খ) বাংলাদেশের সংবিধানের প্রস্তাবনার কি সংশোধনযোগ্য? প্রখ্যাত মামলাসমূহের রায়ের আলোকে আলোচনা কর।]

2. *(a)* What is the basic structure of the constitution?

   (b) Can the basic structure of the constitution be changed by way of amendment? Discuss the matter with reference to the case of Anwar Hossain Chowdhury *Vs*. Bangladesh 1989 BLD (spl).

   [(ক) সংবিধানের মৌলিক কাঠামো কী?

   (খ) সংশোধনীর মাধ্যমে সংবিধানের মৌলিক কাঠামো কি পরিবর্তন করা যায়? আনোয়ার হোসেন চৌধুরী বনাম বাংলাদেশ ১৯৮৯ বি. এল. ডি (স্পেশাল) এর বিশেষ উল্লেখসহ বিষয়টি ব্যাখ্যা কর।]

3. Why constitution is called the supreme law of a country? Does amendment procedure contained in the constitution of Bangladesh give sole power to the parliament to amend the constitution? Give your expert opinion.

   [সংবিধানকে কেন একটি দেশের সর্বোচ্চ আইন বলা হয়? বাংলাদেশ সংবিধানে উল্লিখিত সংবিধান সংশোধন পদ্ধতি কি সংসদকে সংবিধান সংশোধনের একক ক্ষমতা প্রদান করেছে? তোমার বিজ্ঞ মতামত দাও।]

4. Discuss the provisions of Article 102 of Bangladesh constitution regarding enforcement of fundamental rights. Why the supreme court of Bangladesh is called the guardian of the fundamental rights?

   [মৌলিক অধিকারসমূহ বলবৎকরণের ক্ষেত্রে বাংলাদেশ সংবিধানের ১০২ অনুচ্ছেদের বিধানাবলি আলোচনা কর। কেন সুপ্রীম কোর্টকে মৌলিক অধিকারের অভিভাবক বলা হয়?]

[Please turn over

5. *(a)* What do you mean by "Parliamentary Supremacy" and "Constitutional Supremacy"? What type of supremacy does prevail in Bangladesh? Justify your answer.

(b) How has the Constitutional sanctity been violated in Bangladesh by imposing Martial Law? Discuss with reference to leading cases and article 7A of the constitution.

[(ক) "সংসদীয় প্রাধান্য" এবং "সাংবিধানিক প্রাধান্য" বলতে কী বুঝ? বাংলাদেশে কোন ধরনের প্রাধান্য বিদ্যমান? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

(খ) বাংলাদেশে সামরিক শাসন জারির মাধ্যমে সাংবিধানিক পবিত্রতা কীভাবে লঙ্ঘন করা হয়েছে? নজির স্থাপন করেছে এমন মামলা এবং সংবিধানের ৭ ক অনুচ্ছেদ উল্লেখপূর্বক আলোচনা কর।]

6. *(a)* What is "anti deception law" or "floor crossing"? What are the Constitutional Provisions of Bangladesh in this regard?

(b) Do you think that Article 70 of the Constitution of Bangladesh is a great hindrance to the ensuring rule of law in the country? Give reasons for your answer.

[(ক) "এন্টি ডিসেপশন ল" বা "ফ্লোর ক্রসিং" কী? এক্ষেত্রে বাংলাদেশের সংবিধানের আইনগুলো কী?

(খ) তুমি কি মনে কর বাংলাদেশ সংবিধানের ৭০ নং অনুচ্ছেদ বাংলাদেশে আইনের শাসন প্রতিষ্ঠার পথে প্রতিবন্ধক? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও।]

Group B—Constitutional Law of UK

7. "Parliament is the supreme legal authority in the UK."—Discuss in the light of parliamentary sovereignty.

["সংসদ হলো যুক্তরাজ্যের সর্বোচ্চ আইনি কর্তৃপক্ষ।"—সাংসদীয় সার্বভৌমত্বের আলোকে আলোচনা কর।]

8. What are the two senses in which the expression "Rule of Law" is used? What does the word 'Law' mean in the context of Rule of Law? Examine the views of Diecy, Jennings and International Commission of Jurists concerning the Rule of Law.

['আইনের অনুশাসন' অভিব্যক্তিটি যে দুটি অর্থে ব্যবহৃত হয় সেগুলো কী? আইনের অনুশাসন প্রসঙ্গে 'আইন' শব্দটি কী অর্থ বহন করে? আইনের অনুশাসন সম্পর্কে ডাইসী, জেনিংস এবং ইন্টারন্যাশনাল কমিশন অব জুরিস্টস-এর মতামত পরীক্ষা কর।]

9. What do you understand by constitutional convention? "The main purpose of the constitutional convention is to ensure that the legal framework of the constitution will be operated in accordance with the prevailing constitutional values or principles of the period."—Discuss.

[সাংবিধানিক রীতি-নীতি বলতে তুমি কী বুঝ? "সাংবিধানিক রীতি-নীতির প্রধান উদ্দেশ্য হলো বিদ্যমান সাংবিধানিক মূল্যবোধ অথবা সমকালীন নীতিমালার সাথে সঙ্গতি রেখে যাতে সংবিধানের আইনগত কাঠামো কার্যকরী হতে পারে তার নিশ্চয়তা বিধান করা।"—আলোচনা কর।]

10. *(a)* What do you mean by Royal Prerogative? Discuss several types of Royal Prerogative.

(b) Do you think that Royal Prerogative is harmful for the existence of Democracy?

[(ক) রাজকীয় বিশেষ অধিকার বলতে কী বুঝ? বিভিন্ন প্রকারের রয়েল প্রিয়োগেটিভ সম্পর্কে আলোচনা কর।

(খ) আপনি কি মনে করেন গণতন্ত্রের অস্তিত্বের জন্য রাজকীয় বিশেষ অধিকার হুমকি স্বরূপ?]

Group C— Constitutional Law of USA

11. Explain the theories of checks and balances. To what extent this principle is effective in the government of the USA.

[পারস্পরিক নিয়ন্ত্রণ ও ভারসাম্য নীতি ব্যাখ্যা কর। এই নীতিটি আমেরিকা যুক্তরাষ্ট্রের সরকারে কতটুকু কার্যকর হয়েছে?]

12. "There is no political office in the world today that carries with it greater constitutional powers than the American Presidency."—Discuss.

["বর্তমান বিশ্বে এমন কোনো রাজনৈতিক অফিস নেই যা আমেরিকার প্রেডিডেন্টের সাংবিধানিক ক্ষমতার চেয়ে বেশি ক্ষমতাশালী।"—আলোচনা কর।]

13. Write an essay on the Bill of Rights which were added to the US constitution by amendments and explain how the individual liberties are protected in the USA.

[যুক্তরাষ্ট্রের সংবিধান সংশোধনের মাধ্যমে যে বিল অফ রাইট্স সংযোজন করা হয় সে সম্পর্কে একটি আলোচনা লিখ এবং আমেরিকা যুক্তরাষ্ট্রে ব্যক্তিস্বাধীনতা কীভাবে সংরক্ষণ করা হয় তা ব্যাখ্যা কর।]

14. State the underlying philosophy of the principles of Judicial Review. Explain the power of Judicial Review of the supreme court of the United States of America with reference to a leading case.

[বিচারিক পর্যালোচনা নীতির অন্তর্নিহিত দর্শন বর্ণনা কর। অনুসরণীয় মামলা উল্লেখপূর্বক আমেরিকা যুক্তরাষ্ট্রের সুপ্রীম কোর্টের বিচারিক পর্যালোচনা ক্ষমতা ব্যাখ্যা কর।]

LL.B PART-I EXAMINATION, 2022
LABOUR LAWS OF BANGLADESH
Subject Code: 506
Time—4 hours
Full marks—100

[N.B. All questions are of equal value. Answer any **five** *questions.]*

১। (ক) বাংলাদেশ শ্রম আইন কী?
(খ) রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানে এই আইনের প্রয়োজনীয়তা আলোচনা কর।
(গ) এই আইন অনুযায়ী শ্রমিকদের অভিযোগ দায়ের সংক্রান্ত বিধানগুলো আলোচনা কর।

[*(a)* What is labour laws of Bangladesh?
(b) Discuss its necessity in an export-oriented industry.
(c) Discuss the grievence procedures of workers under this law.]

২। (ক) স্ট্রাইক ও লক্ আউট বলতে কী বুঝ? কী অবস্থায় স্ট্রাইক ও লক্ আউট আইনসংগত এবং কখন বে-আইনি হয়?
(খ) বে-আইনি ধর্মঘটের কারণে কোনো শ্রমিককে অবসানের সব সুবিধাসহ চাকরি অবসান করা হলে এর কী কী আইনগত দিক রয়েছে আলোচনা কর।

[*(a)* Define strike and lock-out, under what circumstance strike and lock-out are lawful and when they become illegal?
(b) What are the legal effects if any worker is terminated due to illegal strike including all the facilities of the employment?]

৩। (ক) ছাঁটাই কী?
(খ) ছাঁটাই-এর শর্ত, ছাঁটাই-এর পদ্ধতি এবং ছাঁটাই-এর ক্ষেত্রে ক্ষতিপূরণ সম্পর্কিত বিধানাবলি আলোচনা কর।
(গ) ছাঁটাইকৃত শ্রমিকের পুনর্নিয়োগ কি সম্ভব?

[*(a)* What is retrenchment?
(b) Explain the provisions relating conditions of retrenchment, procedure of retrenchment and compensation for retrenchment.
(c) Whether re-employment of retrenchment workers is possible?]

৪। (ক) কোনো স্থায়ী শ্রমিক কি তার নিজের চাকরির অবসান ঘটাতে পারে? আলোচনা কর।
(খ) কখন একজন শ্রমিক তার চাররির অবসানের আদেশের বিরুদ্ধে নালিশ করতে পারে?
(গ) জয়পুরহাট চিনি মিলে কর্মরত শ্রমিক হামিদ ১৪ দিনের অধিক সময় বিনা ছুটিতে অনুপস্থিত ছিল। এর জন্য তাকে শাস্তি দেয়া যাবে কি?

[*(a)* Can a permanent worker terminate his own service? Discuss.
(b) When can a worker file a complaint against an order of termination?
(c) Hamid, an employee of Joypurhat Sugar Mills, is absent without leave for more than 14 days. Can he be punished for such absence?]

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

৫। যৌথ দরকষাকষি প্রতিনিধি (সিবিএ) বলতে কী বুঝ? কীভাবে যৌথ দরকষাকষি প্রতিনিধি (সিবিএ) নির্বাচিত হন? শ্রম আইন, ২০০৬ অনুযায়ী যৌথ দরকষাকষি প্রতিনিধির ক্ষমতা ও কার্যাবলি বর্ণনা কর।

[What do you mean by collective Bargaining Agent (C.B.A)? How elected a collective Bargaining Agent (CBA)? Discuss the power and functions of a CBA as per as provisions of the Labour Laws, 2006.]

৬। (ক) প্রসূতি কল্যাণ সুবিধা পরিশোধ সংক্রান্ত পদ্ধতিগুলো সংক্ষেপে আলোচনা কর। মহিলার মৃত্যুর ক্ষেত্রে প্রসূতি কল্যাণ সুবিধা প্রদানের নিয়মাবলি কী কী?

(খ) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর অধীনে শ্রমিকদের কল্যাণমূলক ব্যবস্থা সংক্রান্ত বিধানাবলি সংক্ষেপে আলোচনা কর।

[*(a)* Discuss in brief the procedures regarding payment of maternity benefit. What are the rules regarding payment of maternity benefit in case of death of a women?

(b) Briefly discuss the provisions regarding welfare measures of the workers under Bangladesh Labour Act, 2006.]

৭। (ক) কীভাবে ক্ষতিপূরণ সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি হয়? ক্ষতিপূরণ সংক্রান্ত চুক্তির কি নিবন্ধন প্রয়োজন? এর অভাবে কি পরিস্থিতির উদ্ভব হয়?

(খ) কর্মরত অবস্থায় বিল্ডিং এর ছাদ থেকে পড়ে এক শ্রমিক মৃত্যুবরণ করল। তার স্ত্রী ক্ষতিপূরণ দাবি করতে পারবে কী না এবং বিল্ডিং এর মালিকের প্রতি তোমার পরামর্শ কী?

[*(a)* How are the disputes relating to compensation settled? Are agreements relating to compensation required to be registered? What are the effects of failure in this regard?

(b) While working a worker died falling from the rooftop of a building. Can his wife demand the compensation and what is your suggestion for the owner of the building?]

৮। (ক) মজুরি কে সংজ্ঞায়িত কর। মজুরি পরিশোধের জন্য দায়ী ব্যক্তি কে? মজুরি পরিশোধের সময় সংক্রান্ত বিধানাবলি কী কী?

(খ) মজুরি থেকে কী কী বিষয় কর্তন করা যায়?

[*(a)* Define wages. Who is responsible for the payment of wages? What are the provisions of law regarding time of payment of wages?

(b) What deductions can be made from wages?]

LL.B PART-1 EXAMINATION, 2022

LAW OF TAXATION

Subject Code : 507

Time—4 hours

Full marks—100

[N.B : All questions are equal value. Answer any **five** *questions.]*

1. *(a)* What is meant by tax? What are the purpose of tax? Discuss the canons of taxation.

   (b) What do you mean by income tax? Discuss the importance of charging income tax from socio-economic view point of a country.

   [(ক) কর বলতে কী বুঝায়? করের উদ্দেশ্যাবলি কী কী? কর ধার্যের নীতিসমূহ আলোচনা কর।

   (খ) আয়কর বলতে তুমি কী বুঝ? একটি দেশের আর্থ-সামাজিক দিক থেকে আয়কর ধার্য করার গুরুত্ব আলোচনা কর।]

2. *(a)* Who are the judicial authorities under income tax law?

   (b) Discuss the composition, power and functions of appellate tribunal.

   (c) Who can file appeal to this tribunal?

   (d) What is the role of Bangladesh Supreme Court in income tax cases?

   [(ক) আয়কর আইনে বিভাগীয় কর্তৃপক্ষ কারা?

   (খ) আপীল ট্রাইব্যুনালের গঠন, ক্ষমতা ও কার্যাবলি আলোচনা কর।

   (গ) এই ট্রাইব্যুনালের কাছে কারা আবেদন করতে পারে?

   (ঘ) আয়কর মামলায় বাংলাদেশের সুপ্রীম কোর্টের ভূমিকা কী?]

3. *(a)* Who are required to file income tax-return?

   (b) What is the meaning of residential status?

   (c) How residential status is determined?

   (d) How residential status effect on tax liabilities?

   [(ক) কারা আয়ের বিবরণী দাখিল করতে বাধ্য?

   (খ) আবাসিক মর্যাদার অর্থ কী?

   (গ) আবাসিক মর্যাদা কীভাবে নির্ধারণ করা হয়?

   (ঘ) আবাসিক মর্যাদা কীভাবে করদায়কে প্রভাবিত করে?]

4. *(a)* What is assessment?

(b) Discuss about the step of 'cycle of assessment'.

(c) How will make assessment for the followings?

(i) Deceased person

(ii) Closed business

(iii) Hindu undivided family.

[(ক) কর নির্ধারণ কী?

(খ) কর নির্ধারণী চক্রের ধাপগুলো আলোচনা কর।

(গ) নিম্নোক্ত বিষয়ের কর নির্ধারণ কীভাবে করা হয়?

(i) মৃত ব্যক্তির ক্ষেত্রে

(ii) ব্যবসা বন্ধের ক্ষেত্রে

(iii) হিন্দু অবিভক্ত পরিবারের ক্ষেত্রে।]

5. *(a)* Briefly narrate the Income Tax Ordinance, 1984.

(b) Discuss in brief the elements of 'Law of Taxation' as which are treated as the sources of the law.

(c) A Deputy Commissioner of Taxes (DCT) plays a vital role in the assessment. What are the power and function of the DCT?

[(ক) সংক্ষেপে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বর্ণনা দাও।

(খ) সংক্ষেপে কর আইনের উপাদানগুলো বর্ণনা কর, যেগুলো অত্র আইনের উৎস হিসেবে গণ্য হয়।

(গ) কর নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন একজন উপকর কমিশনার। তার ক্ষমতা ও কার্যাবলি আলোচনা কর।]

6. *(a)* What do you mean by tax holiday? As per the existing Income Tax Ordinance, in which sectors and under what conditions tax holiday facility is granted?

(b) Do you think tax holiday scheme will bring any benefit to the industrialization of Bangladesh? Describe your idea.

[(ক) কর অবকাশ বলতে কী বুঝ? বিদ্যমান আয়কর অধ্যাদেশ অনুযায়ী কী কী খাতে কী কী শর্তে কর অবকাশ সুবিধা প্রদান করা হয়?

(খ) তুমি কি মনে কর, কর অবকাশ পদ্ধতি বাংলাদেশের শিল্পায়নের ক্ষেত্রে কোনো সুফল বয়ে আনবে? তোমার ধারণা বর্ণনা কর।]

7. Write down short notes on any **four** from the following :

(a) Assessee in default

(b) Income and Salary

(c) Annual Value of the house property

(d) National Board of Revenue (NBR)

(e) Speculative Business

(f) Taxpayer's Identification Number (TIN)

(g) Tax concealment and Tax evasion.

[নিম্নলিখিত যে কোনো চারটি বিষয়ের উপর টীকা লেখ :

(ক) খেলাপী করদাতা

(খ) আয় ও বেতন

(গ) গৃহ-সম্পত্তির বার্ষিক মূল্য

(ঘ) জাতীয় রাজস্ব বোর্ড (এন,বি,আর)

(ঙ) ফটকা কারবার

(চ) করদাতা শনাক্তকারী নম্বর (টিআইএন)

(ছ) কর এড়ানো ও কর ফাঁকি।]

8. Mr. Munir is an Advocate of the Supreme Court of Bangladesh. His statement of income and expenditure for the fiscal year of 2021-2022 is stated below :

(a) Income :

(i) He earned per year Tk. 10,00,000 from his law profession.

(ii) He earned per month Tk. 15,000 from his house as house rent.

(iii) He earned Tk. 40,000 as interest of his Sonali Bank savings account.

(iv) He earned Tk. 2,00,000 as interest of his FDR.

(v) He earned Tk. 5,00,000 from his agricultural land.

(vi) He receipt Tk. 2,000 from his one client as gift.

[Please turn ove

(b) He incurred following expenses :

(i) Paid employees salary Tk. 40,000 per month.

(ii) Purchased professional books Tk. 50,000.

(iii) Paid municipal tax Tk. 3,000.

(iv) Paid land revenue Tk. 5,000.

(v) Client entertainment allowance Tk. 10,000.

(vi) Paid Tk. 18,000 as life insurance premium.

(vii) Purchased Bangladesh Sanchay pattra Tk. 2,00,000.

(viii) Donated Tk. 50,000 to the Ashsania Mission Cancer Hospital.

Compute his taxable income and tax liabilities from the aforesaid information for the assessment year 2022-2023.

[জনাব মুনির বাংলাদেশ সুপ্রীম কোর্টের একজন আইনজীবী ২০২১-২০২২ অর্থ বৎসরের জন্য তার আয়-ব্যয়ের হিসাব নিম্নরূপ :

(ক) আয় :

(i) তিনি বছরে পেশাগত আয় করেন ১০,০০,০০০ টাকা।

(ii) তিনি বাড়ি হতে মাসিক ভাড়া বাবদ পান ১৫,০০০ টাকা।

(iii) তিনি সোনালী ব্যাংকের সঞ্চয়ী হিসাব হতে সুদ প্রাপ্ত হন ৪০,০০০ টাকা।

(iv) তিনি তার FDR হতে সুদ প্রাপ্ত হন ২,০০,০০০ টাকা।

(v) তিনি তার কৃষি জমি হতে প্রাপ্ত হন ৫,০০,০০০ টাকা।

(vi) তিনি তার একজন মক্কেলের নিকট থেকে উপহার হিসাবে গ্রহণ করেন ২,০০০ টাকা।

(খ) জনাব মুনির নিম্নোক্ত ব্যয়গুলি করেন :

(i) কর্মচারীদের মাসিক বেতন প্রদান ৪০,০০০ টাকা।

(ii) পেশাগত পুস্তক ক্রয় ৫০,০০০ টাকা।

(iii) পৌর কর প্রদান ৩,০০০ টাকা।

(iv) ভূমির খাজনা প্রদান ৫,০০০ টাকা।

(v) মক্কেলের বিনোদন খরচ ১০,০০০ টাকা।

(vi) জীবন বিমা প্রিমিয়াম প্রদান ১৮,০০০ টাকা।

(vii) বাংলাদেশ সঞ্চয়পত্র ক্রয় ২,০০,০০০ টাকা।

(viii) আহসানিয়া মিশন ক্যান্সার হসপিটালে অনুদান ৫০,০০০ টাকা।

উল্লিখিত তথ্যের ভিত্তিতে জনাব মুনিরের ২০২২-২০২৩ সালের করযোগ্য আয় ও করদায় নির্ণয় কর।]

LL.B PART-I EXAMINATION, 2021

LAW

JURISPRUDENCE

Subject Code : 501

Time—4 hours

Full marks—100

[N.B. All questions are of equal value. Answer any five *questions.]*

1. What do you understand the meaning of jurisprudence? Discuss the significance of jurisprudence with a view to understanding the legal concept.

[আইন বিজ্ঞান শব্দটি দ্বারা তুমি কী বুঝ? সঠিকভাবে আইন বুঝার জন্য আইন বিজ্ঞানের গুরুত্ব কতটুকু?]

2. What do you think there has emerged may schools of jurisprudence? Compare the main features of *(i)* Analytical, *(ii)* Historical and *(iii)* Sociological school of jurisprudence.

[কেন আইন বিজ্ঞানের বিভিন্ন মতবাদের উদ্ভব হয়েছে বলে তুমি মনে কর? আইন বিজ্ঞানের *(i)* বিশ্লেষণধর্মী; *(ii)* ঐতিহাসিক এবং *(iii* সামাজিক মতবাদের মূল বৈশিষ্ট্যগুলোর তুলনামূলক আলোচনা কর।]

3. "The exemplary punishment is the safe-guard for the peace and tranquillity of the society".—Explain the statement with special reference to abolish of death penalty.

["দৃষ্টান্তমূলক শাস্তি সামাজিক শান্তি-শৃঙ্খলার রক্ষাকবচ।"—মৃত্যুদণ্ড শাস্তি রদের গ্রহণযোগ্যতার আলোকে উক্তিটি ব্যাখ্যা কর।]

4. Who is a juristic person? How is such a person created? Distinguish it from a natural person. Assess the legal status of a "dead man" and an "unborn child".

[আইনগত ব্যক্তি কে? কীভাবে এ ধরনের ব্যক্তি সৃষ্টি হয়? স্বাভাবিক ব্যক্তির সাথে এর পার্থক্য নির্ণয় কর। একজন মৃত ব্যক্তি এবং অজাত শিশুর আইনগত মর্যাদা মূল্যায়ন কর।]

5. Define ownership. Why possession is called nine point of ownership? Distinguish between ownership and possession. Discuss adverse possession.

[মালিকানার সংজ্ঞা দাও। দখলকে মালিকানার নয় পয়েন্ট বলা হয় কেন? ব্যাখ্যা কর। দখল ও মালিকানার পার্থক্য নিরূপণ কর। এডভার্স পজেশন আলোচনা কর।]

[Please turn over

CS Scanned with CamScanner

CS Scanned with CamScanner

6. *(a)* How do you define the legal rights? Discuss the essential elements of legal rights.

(b) "Where there is right, there is duty."—Discuss with reference to Salmond's theory of legal rights.

[(ক) অধিকার বলতে কী বুঝ? অধিকারের আবশ্যকীয় উপাদানগুলো আলোচনা কর।

(খ) "যেখানে অধিকার আছে, সেখায় দায়িত্বও আছে।"—আইনবিজ্ঞানী স্যামন্ড এর মতবাদানুসারে বিশ্লেষণ কর।]

7. *(a)* What are the differences between substantive law and procedural law?

(b) Explain briefly Kelsen's pure theory of law.

[(ক) মূল আইন ও পদ্ধতিগত আইনের পার্থক্যগুলো আলোচনা কর।

(খ) আইনবিজ্ঞানী ক্যালসন এর পিউর মতবাদ বিশ্লেষণ কর।]

8. Write short notes on any four of the following :

(a) Discretionary power

(b) Servitudes

(c) Natural law

(d) Conventional law

(e) Sovereignty

(f) Presumption

(g) Mensrea.

[যে কোনো চারটি বিষয়ের উপর সংক্ষিপ্ত টীকা লিখ :

(ক) বিচারিক স্বেচ্ছাধীন ক্ষমতা

(খ) সার্ভিচুডস

(গ) প্রাকৃতিক আইন

(ঘ) প্রচলিত আইন

(ঙ) সার্বভৌমত্ব

(চ) আইনগত ধারণা

(ছ) মেন্সরিয়া।]

CS Scanned with CamScanner

LL.B PART-I EXAMINATION, 2021

LAW OF CONTRACT AND TORT

Subject Code : 502

Time—4 hours

Full marks—100

[N.B. All questions are of equal value. Answer any **five** *questions taking* **three** *questions from group A and* **two** *from group B.]*

Group A—Law of Contract

1. (a) Discuss the general principles regarding offer, acceptance of offer and revocation of offer under the Contract Act, 1872.

   (b) Is it true that "offer may be conditional but acceptance must be unconditional"?

   (c) Is offer be revoked? If so when?

   [(ক) প্রস্তাব, প্রস্তাব গ্রহণ ও প্রস্তাব বাতিল সম্পর্কিত চুক্তি আইন, ১৮৭২ এর সাধারণ নীতিসমূহ আলোচনা কর।

   (খ) ইহা কি সঠিক যে, "প্রস্তাব শর্তাধীন হতে পারে কিন্তু স্বীকৃতি সর্বদাই শর্তহীন হওয়া আবশ্যক"?

   (গ) প্রস্তাব প্রত্যাহার করা যায় কি? যদি যায় তবে কখন?]

2. (a) What is meant by contract? Discuss the essential elements for the enactment of a valid contract.

   (b) "All contracts are agreements but all agreements are not contracts"—Explain.

   (c) Make a list of void contract according to the laws of Bangladesh.

   [(ক) চুক্তি বলতে কী বুঝ? একটি বৈধ চুক্তি গঠনের জন্য আবশ্যকীয় উপাদানগুলো আলোচনা কর।

   (খ) "সকল চুক্তিই সম্মতি, কিন্তু সকল সম্মতি চুক্তি নয়"—ব্যাখ্যা কর।

   (গ) বাংলাদেশের আইন অনুযায়ী কোন কোন চুক্তি বাতিল তার একটি তালিকা প্রস্তুত কর।]

3. (a) Who are competent to contract?

   (b) What is the legal status of a minor in law of contract?

   (c) Discuss the contractual liabilities of a minor with reference to two leading cases.

   [(ক) চুক্তি করার যোগ্য ব্যক্তি কারা?

   (খ) চুক্তি আইনে নাবালকের অবস্থান কীরূপ?

   (গ) দুটি বিখ্যাত মামলার উল্লেখপূর্বক নাবালকের চুক্তিগত দায়-দায়িত্ব আলোচনা কর।]

[Please turn over

CS Scanned with CamScanner

4. *(a)* What is superveixing impossibility?

(b) Discuss the rights and liabilities of the parties in case of termination of contract for the reason of superveixing impossibility.

(c) Rahim purchase a picture from a shop assuming that the same was drawn by a famous painter Abedin. The shopkeeper knew that, the picture was not drawn by Abedin and Rahim thought the same, but the shopkeeper did not inform anything to Rahim. Is Rahim entitle to cancel the contract next day?

[(ক) চুক্তির উত্তরকালীন অসম্ভব্যতা কাকে বলে?

(খ) চুক্তির উত্তরকালীন অসম্ভব্যতার কারণে চুক্তির পরিসমাপ্তি ঘটলে পক্ষসমূহের দায়-দায়িত্ব আলোচনা কর।

(গ) রহিম বিখ্যাত পেইন্টার আবেদীনের আঁকা ছবি মনে করে দোকান হতে একটি ছবি কিনে। দোকানদার জানতো যে, এই ছবি আবেদীনের আঁকা নয় এবং রহিম যে তাই মনে করেছে তাও দোকানদার জানে কিন্তু রহিমকে এই বিষয়ে কিছুই বলে না। রহিম কি পরের দিনে চুক্তিটি বাতিল করতে পারবে?]

5. *(a)* Who is an agent? Discuss the rights and duties of an agent to his principal.

(b) Discuss the rights, duties and liabilities of a bailer and a bailee to each other.

[(ক) প্রতিনিধি কে? প্রধানের প্রতি প্রতিনিধির অধিকার ও কর্তব্য আলোচনা কর।

(খ) জিম্মা দাতা ও জিম্মা গ্রহীতার পরস্পরের প্রতি অধিকার, কর্তব্য ও দায়-দায়িত্বসমূহ আলোচনা কর।]

Group B—Law of Tort

6. *(a)* What is tort? Explain the characteristics of tort.

(b) "Tortius liabilities arises from the breach of a duty primarily fixed by law, and this duties towards person generally and its breach is repressible by an action for unliquidated damages"—Explain.

[(ক) টর্ট কী? টর্টের বৈশিষ্ট্যসমূহ ব্যাখ্যা কর।

(খ) আইনে নির্ধারিত কর্তব্যসমূহ লঙ্ঘন করলে টর্টের দায়-দায়িত্ব সৃষ্টি হয়, এই কর্তব্য ব্যক্তি সাধারণের প্রতি এবং এই কর্তব্য লঙ্ঘন অনির্ধারিত ক্ষতিপূরণের মাধ্যমে প্রতিকারযোগ্য"—ব্যাখ্যা কর।]

7. *(a)* Define defamation. "Publication is the gist of defamation"—Discuss.

(b) Make distinction between libel and slander.

(c) What are the arguments to be shown for self defense in a suit of defamation?

[(ক) মানহানির সংজ্ঞা দাও। "প্রকাশনাই মানহানির সারবস্তু"—আলোচনা কর।

(খ) লাইবেল ও স্ল্যান্ডারের মধ্যে পার্থক্য কর।

(গ) মানহানির মামলায় আত্মপক্ষ সমর্থনে কী যুক্তি দেওয়া যেতে পারে?]

Scanned with CamScanner

8. *(a)* Discuss the rules as laid down in the case of Rylands Vs Fletcher (1868).

(b) What is the scope of this rule? Is there any exception to this rule?

(c) Is there any relation of Rylands Vs Fletcher rule with Scienter rule?

[(ক) রাইল্যান্ড বনাম ফ্লেচার (১৮৬৮) মামলায় বর্ণিত বিধিটি আলোচনা কর।

(খ) এই বিধিটির পরিধি কতটুকু? এই নীতিটির কি কোনো ব্যতিক্রম আছে?

(গ) রাইল্যান্ড বনাম ফ্লেচার বিধির সাথে সিয়েন্টার নীতির কোনো সম্পর্ক আছে কি?]

9. *(a)* What is negligence? Discuss the essential elements of negligence.

(b) What are the ways of self defense in a suit of negligence?

(c) What is the difference between negligence and nuisance?

[(ক) অবহেলা কী? অবহেলার উপাদানসমূহ আলোচনা কর।

(খ) অবহেলার মামলায় আত্মপক্ষ সমর্থনের উপায়সমূহ কী কী?

(গ) অবহেলা ও উৎপাতের মধ্যে পার্থক্য কী?]

10. Write short notes on any **four** of the following :

(a) Innuendo

(b) Trespass ab-initio

(c) Damnum sine injuria

(d) Volenti non-fit injuria

(e) Res Ipsa loquitur

(f) Ubi Jus ibi remedium.

[যে কোনো চারটি বিষয়ের উপর সংক্ষিপ্ত টীকা লিখ :

(ক) ইন্নায়েন্ড

(খ) ট্রেসপাস এ্যাব ইনিশিও

(গ) ড্যামনাম সাইন ইনজুরিয়া

(ঘ) ভলেনটি নন-ফিট ইনজুরিয়া

(ঙ) রেস ইপাসা লকুইটার

(চ) উবি জাস ইবি রিমেডিয়াম।]

Scanned with CamScanner

LL.B PART-I EXAMINATION, 2021

EQUITY, TRUST SPECIFIC RELIEF AND HINDU LAW

Subject Code : 504

Time—4 hours

Full marks—100

[N.B. All questions are of equal value. Answer any **one** *question from group A,* **one** *from group B & C and* **two** *questions from D.]*

Group A—Equity

Marks—20×1=20

1. (*a*) How the maxims of equity have been originated and developed?

   (*b*) Explain and illustrate the following maxims :

   (*i*) Equality is equity

   (*ii*) Equity follows the law

   (ক) ন্যায়পরায়ণতার নীতি বা ম্যাক্সিমসমূহ কীভাবে উৎপত্তি ও বিকাশ লাভ করে?

   (খ) নিম্নোক্ত নীতি বা ম্যাক্সিমসমূহ উদাহরণসহ ব্যাখ্যা কর :

   (*i*) সমতাই ন্যায়পরতা

   (*ii*) ন্যায়পরতা আইনকে অনুসরণ করে।

2. (*a*) What is equity?

   (*b*) Distinguish between law and equity.

   (*c*) "Equity had come not to destroy the law, but to fulfil it."—Explain.

   (ক) ন্যায়পরতা কী?

   (খ) আইন ও ইকুইটির মধ্যে পার্থক্য লেখ।

   (গ) "ইকুইটি আইনকে বিনষ্ট করতে আসেনি, বরং এটি আইনকে স্বয়ংসম্পূর্ণতা দানের জন্য এসেছে"—ব্যাখ্যা কর।

Group B—Trust

Marks—20×1=20

3. (*a*) What is trust?

   (*b*) Who are the necessary parties in a trust?

   (*c*) Discuss the formalities necessary for the creation of a trust.

   (ক) ট্রাস্ট কী?

   (খ) একটি ট্রাস্টের প্রয়োজনীয় পক্ষ কারা?

   (গ) ট্রাস্ট গঠনের জন্য প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা আলোচনা করুন।

[Please turn over

CS Scanned with CamScanner

4. (a) How is a trust extinguished?
(b) Discuss the duties and disabilities of a trustee.
(c) When and how a trustee can be removed?

[(ক) একটি ট্রাস্ট কীভাবে বিলুপ্ত হয়?
(খ) একজন ট্রাস্টির কর্তব্য এবং অপারগতা আলোচনা করুন।
(গ) কখন এবং কীভাবে ট্রাস্টিকে অপসারণ করা যায়?]

Group C—Specific Relief Act

Marks—20×1=20

5. When can a document be cancelled under the S.R. Act 1877? What are the essential conditions for such a cancellation?

[১৮৭৭ সালের সুনির্দিষ্ট প্রতিকার আইনের অধীন কখন একটি দলিল নাকচ করা যায়? এইরূপ একটি নাকচের জন্য অত্যাবশ্যকীয় শর্তগুলি কী কী?]

6. (a) What is injunction? Distinguish between perpetual injunction and temporary injunction.

(b) Discuss the scope and nature of declaratory suit. What are the consequences of a declaration? If no consequential relief is not prayed?

[(ক) নিষেধাজ্ঞা কী? চিরাস্থায়ী নিষেধাজ্ঞা ও অস্থায়ী নিষেধাজ্ঞার মধ্যে পার্থক্য নির্ণয় কর।
(খ) ঘোষণামূলক মামলার প্রকৃতি ও পরিধি আলোচনা কর। ঘোষণার সাথে অতিরিক্ত প্রতিকার না চাইলে ফলাফল কী?]

Group D—Hindu Law

Marks—20×2=40

7. (a) Discuss the sources of Hindu Law.
(b) What are the different schools of Hindu Law?
(c) Discuss the basic difference between these schools.

[(ক) হিন্দু আইনের উৎসগুলো আলোচনা করুন।
(খ) হিন্দু আইনের বিভিন্ন মতবাদসমূহ কী?
(গ) এই মতবাদসমূহের মধ্যে মৌলিক পার্থক্যগুলো আলোচনা করুন।]

8. (a) Discuss the power, rights and obligations of a "Karta" of a joint Hindu family.
(b) What is partition in Dayabhaga Law? Who are entitled to a share on partition?

[(ক) হিন্দু যৌথ পরিবারের একজন কর্তার ক্ষমতা, অধিকার এবং কর্তব্যসমূহ আলোচনা করুন।
(খ) দায়ভাগ আইনে বন্টন কী? বন্টনে কারা অংশ পাইতে পারে?]

CS Scanned with CamScanner

9. (a) Discuss who can adopt and who may be adopted.

(b) Who are entitled to maintenance under Hindu Law? Can a wife and widow claim separate residence and maintenance?

(ক) কে দত্তক গ্রহণ করতে পারে এবং কাকে দত্তক গ্রহণ করা যায়, আলোচনা করুন।

(খ) হিন্দু আইন অনুযায়ী কারা ভরণপোষণ পাওয়ার অধিকারী? একজন স্ত্রী এবং বিধবা কি পৃথক বাসস্থান এবং ভরণপোষণ দাবি করতে পারে?

10. Write short notes on any **four** of the following :

(a) Widow's estate

(b) Stridhana

(c) Custom

(d) Adoption

(e) Sreeti

(f) Gift.

(ক) বিধবার সম্পত্তি

(খ) স্ত্রীধন

(গ) প্রথা

(ঘ) দত্তক

(ঙ) শ্রুতি

(চ) দান।

CS Scanned with CamScanner

LL.B PART-I EXAMINATION, 2021

CONSTITUTIONAL LAW OF BANGLADESH, UK AND USA

Subject Code: 505

Time—4 hours

Full marks—100

[N.B. All questions are of equal value. Answer any four questions from group A and two questions each from group B and group C.]

Group A—Constitution of Bangladesh

1. What do you mean by the supremacy of the Constitution? How is such supremacy established and maintained?
[সাংবিধানিক প্রাধান্য বলতে কী বুঝ? কী প্রকারে এই প্রাধান্য প্রতিষ্ঠিত ও সংরক্ষিত হয়?]

2. *(a)* Explain the elements of a state.
(b) Discuss various forms of government in a democratic system of government.
[(ক) রাষ্ট্রের উপাদানগুলো ব্যাখ্যা কর।
(খ) গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় বিভিন্ন প্রকার সরকার পদ্ধতি আলোচনা কর।]

3. What are the different senses in which the phrase Independence of Judiciary is used? What is the importance of Independence of Judiciary in sustaining rule of law? To what extent the Judiciary is independent in our country.
[বিচার বিভাগের স্বাধীনতা এই শব্দাবলি কী কী ভিন্ন অর্থে ব্যবহার করা হয়েছে? আইনের শাসন বজায় রাখতে বিচার বিভাগের স্বাধীনতার গুরুত্ব কী? আমাদের দেশের বিচার বিভাগ কতটুকু স্বাধীন?]

4. *(a)* States the structure and composition of the Supreme Court of Bangladesh.
(b) According to the 16th amendment of the Constitution how would you evaluate the procedure for removal of a Justice of the Supreme Court of Bangladesh.—Justify your answer.
[(ক) বাংলাদেশ সুপ্রীম কোর্টের কাঠামো ও গঠন প্রণালি বর্ণনা কর।
(খ) বাংলাদেশ সংবিধানের ষোড়শ সংশোধনীর মাধ্যমে সুপ্রীম কোর্টের একজন বিচারপতির অপসারণ প্রক্রিয়াকে তুমি কীভাবে মূল্যায়ন করবে?—তোমার উত্তরের সপক্ষে প্রমাণ কর।]

5. What do you mean by the Public Service Commission of Bangladesh? Discuss its composition and function.
[বাংলাদেশের সরকারী কর্মকমিশন বলতে কী বুঝ? এর গঠন ও কার্যাবলি আলোচনা কর।]

6. *(a)* What do you mean by fundamental rights? Enumerate the fundamental rights incorporated in the Constitution of Bangladesh.
(b) Distinguish between fundamental rights and human rights.
[(ক) মৌলিক অধিকার বলতে কী বুঝ? বাংলাদেশ সংবিধানে যে সকল মৌলিক অধিকার উল্লেখ আছে তা বর্ণনা কর।
(খ) মৌলিক অধিকার ও মানবাধিকার এর মধ্যে পার্থক্য দেখাও।]

CS Scanned with CamScanner

Group B—Constitutional Law of UK

7. What do you mean by writ? How many kinds of writs are there? Discuss their characteristics.
[রীট বলতে কী বুঝ? ইহা কত প্রকার? বিভিন্ন প্রকার রীটের বৈশিষ্ট্যগুলো আলোচনা কর।]

8. "Parliament's business in England is not to govern the country but to call to account those who govern." (Gladstone). Discuss the statement.
["দেশ শাসন করা ইংল্যান্ডের সংসদের কাজ নয়, বরং যারা দেশ শাসন করে তাদের জবাবদিহির ব্যবস্থা গ্রহণ করাই ইহার কাজ" (গ্ল্যাডস্টোন)। উক্তিটি আলোচনা কর।]

9. Discuss the characteristics of the British Cabinet System. Point out the distinction between the Ministry and Cabinet in Britian. State the constitutional position and important function of the British Prime Minister.
[ব্রিটিশ কেবিনেট ব্যবস্থার বৈশিষ্ট্যগুলো আলোচনা কর। ব্রিটেনের মন্ত্রী পরিষদ ও কেবিনেটের মধ্যে পার্থক্যগুলো উল্লেখ কর। ব্রিটিশ প্রধানমন্ত্রীর সাংবিধানিক মর্যাদা এবং গুরুত্বপূর্ণ কার্যাবলি বর্ণনা কর।]

10. Why it is said that king can do no wrong? Discuss the status of the king in the Government system of the UK.
[কেন বলা হয় রাজা কোনো ভুল করতে পারেন না? যুক্তরাজ্যের শাসন ব্যবস্থায় রাজার অবস্থান আলোচনা কর।]

Group C—Constitutional Law of USA

11. (a) Discuss the power and functions of the USA Senate.
(b) Why is the Supreme Court of the USA called as the guardian of Constitution?
(ক) মার্কিন যুক্তরাষ্ট্রের সিনেটের ক্ষমতা ও কার্যাবলি আলোচনা কর।
(খ) আমেরিকা যুক্তরাষ্ট্রের সুপ্রীম কোর্টকে কেন সংবিধানের অভিভাবক বলা হয়।]

12. Write about the composition of the Congress of the United States. What is the way to pass a Bill in US Congress? What is 'pocket veto' of US President?
[যুক্তরাষ্ট্রের কংগ্রেসের গঠন সম্পর্কে লিখ। যুক্তরাষ্ট্রের কংগ্রেসে বিল পাসের পন্থা কী? যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের 'পকেট ভেটো' কী?]

13. Narrate the procedure of presidential election under the American Constitution. Discuss the power and functions of the President of the United States of America. How can the President be impeached?
[যুক্তরাষ্ট্রের সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতি নির্বাচনের বিধানাবলি বর্ণনা কর। যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতির ক্ষমতা ও কার্যাবলি বর্ণনা কর। রাষ্ট্রপতিকে কীভাবে অভিশংসিত করা যায়?]

14. Explain the nature of the Constitution of the United States of America. What is the role of the Supreme Court of the USA as the defender of civil rights and the guardian of the Constitution?
[আমেরিকা যুক্তরাষ্ট্রের সংবিধানের প্রকৃতি ব্যাখ্যা কর। নাগরিক অধিকারের রক্ষক ও সংবিধানের অভিভাবক হিসাবে আমেরিকা যুক্তরাষ্ট্রের সুপ্রীম কোর্টের ভূমিকা কী?]

CS Scanned with CamScanner

এল এল বি প্রথম পর্ব পরীক্ষা, ২০২১

আইন

বিষয় কোড: 506

(বাংলাদেশ শ্রম আইন)

সময়—৪ ঘণ্টা

পূর্ণমান—১০০

[দ্রষ্টব্য : সকল প্রশ্নের মান সমান। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুযায়ী "শিশু" ও "কিশোর" এর সংজ্ঞা প্রদান করুন। বাংলাদেশে কিশোর শ্রমিক নিয়োগের বিধি-বিধানগুলো আলোচনা করুন।

[Define "Child" and "Adolescent" according to the Bangladesh Labour Act, 2006. Discuss the provisions regarding to employment of Adolescent in Bangladesh.]

২। (ক) 'নিম্নতম মজুরি বোর্ড'-এর গঠন সম্পর্কে আলোচনা করুন। সুপারিশ প্রণয়নে নিম্নতম মজুরি বোর্ড কোন বিষয়গুলো বিবেচনায় নিবেন?

(খ) নিম্নতম মজুরি হার ঘোষণা করার ক্ষেত্রে বোর্ডের ক্ষমতা আলোচনা করুন।

[*(a)* Discuss about the formation of Minimum Wage Board. What are the factors to be considered in making its recommendation?

(b) Discuss the power of the Board to declare minimum rates of wages.]

৩। (ক) "ট্রেড ইউনিয়ন" বলতে কী বুঝেন? "ট্রেড ইউনিয়ন" এবং "যৌথ দরকষাকষি প্রতিনিধি (CBA)" এর মধ্যে পার্থক্য নির্ণয় করুন।

(খ) ট্রেড ইউনিয়নের নিবন্ধন প্রক্রিয়া আলোচনা করুন।

[*(a)* Define "Trade Union". Distinguish between "Trade Union" and "Collective Bargaining Agent (CBA)".

(b) Discuss the registration procedure of Trade Union.]

৪। (ক) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬-এ বর্ণিত শ্রমিকদের কল্যাণমূলক বিধানাবলি বর্ণনা করুন।

(খ) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬-এ বর্ণিত শ্রমিকদের নিরাপত্তামূলক বিধানাবলি সম্পর্কে আপনি কী জানেন? বর্ণনা করুন।

[*(a)* Describe the welfare measures of workers as stipulated in Bangladesh Labour Act, 2006.

(b) What do you know about the safety rules of the workers as stipulated in the Bangladesh Labour Act, 2006? Describe.]

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

CS Scanned with CamScanner

৫। (ক) 'লে-অফ' সংজ্ঞায়িত করুন। লেইড-অফকৃত শ্রমিকদের কী কী ক্ষতিপূরণ পাবার অধিকার রয়েছে? কখন তারা সেই ক্ষতিপূরণ পেতে পারে না?

(খ) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬-এর ৩৩ ধারার অধীন অভিযোগ পদ্ধতি আলোচনা করুন।

[(a) Define "Lay-off". What are the rights of laid-off workers for compensation? When they are not entitled to get it?

(b) Discuss the grivance procedure under section 33 of the Bangladesh Labour Act, 2006.]

৬। কে শ্রম আদালতে আবেদন করতে পারে? শ্রম আদালতের গঠন ও এখতিয়ার লিখুন। শ্রম আদালত কী একটি দেওয়ানী আদালত? অপরাধ বিচার করার ক্ষেত্রে শ্রম আদালতের ক্ষমতা ও পদ্ধতি আলোচনা করুন।

[Who can apply to the Labour Court? Write down the formation and Jurisdiction of Labour Court. Is Labour Court a civil court? What are the powers and procedures of Labour Court in trying offences?]

৭। (ক) অসৎ শ্রম তৎপরতা কী? কোন কোন কাজ করা এবং না করা নিয়োগকারীদের অসৎ শ্রম তৎপরতা বলে গণ্য হবে?

(খ) কোন কোন কাজ করা এবং কোন কোন কাজ না করা শ্রমিকের অসৎ শ্রম তৎপরতা হিসেবে গণ্য? কর্ম বিরতি কী?

[(a) What is unfair labour practice? Which acts and omissions shall be considered as unfair labour practice on part of employers?

(b) Which acts and omissions shall be considered as unfair labour practice on part of worker? What is stoppage of work?]

৮। নিম্নের যে কোনো চারটির উপর টীকা লিখুন :

(ক) গ্রাচুইটি; (খ) ধর্মঘট ও তালাবন্ধকরণ;

(গ) শ্রমিক; (ঘ) ছাঁটাই;

(ঙ) ধীরে চল; (চ) উৎপাদন প্রক্রিয়া।

[Write short notes on any four of the following :

(a) Gratuity; (b) Strike and Lockout;

(c) Worker; (d) Retrenchment;

(e) Go slow; (f) Manufacturing Process.]

Scanned with CamScanner

LL.B (PART-1) EXAMINATION, 2021

LAW OF TAXATION

Subject Code: 507

Time—4 hours

Full marks—100

[N.B. All questions are of equal value. Answer any five questions.]

1. What do you understand about Fiscal Policy? "As a country becomes more industrialized, the more emphasis should be given to income tax", do you agree with this statement? Discuss with your logic. Give your answer in the context of Bangladesh.

[রাজস্বনীতি কী? "একটি দেশ যত শিল্পোন্নত হয় আয়করের উপর তত বেশি গুরুত্ব দেয়া উচিত" তুমি কী এই কথার সাথে একমত? যুক্তিসহ আলোচনা কর। বাংলাদেশের প্রেক্ষিতে তোমার উত্তর প্রদান কর।]

2. *(a)* What is the meaning of Assessee Identification Number?

(b) Who will give income tax return?

(c) Define method of return submission.

[(ক) করদাতা শনাক্তকরণ নম্বর বলতে কী বুঝ?

(খ) আয়কর রিটার্ন কারা দিবেন?

(গ) রিটার্ন দাখিলের পদ্ধতি বর্ণনা কর।]

3. *(a)* What do you mean by universal self-determination? Can the Deputy Commissioner of Taxes re-open the returns filed under universal self-assessment mode or extend the time limit for returns filed?

(b) Explain under the Income Tax Ordinance 1984 under what conditions and in which sectors the investment of undisclosed income is allowed. Discuss the categories of tax and their differences.

[(ক) সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতি বলতে কী বুঝ? উপকর কমিশনার কি সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত রিটার্ন পুনঃউন্মোচন বা রিটার্নের সময়সীমা বৃদ্ধি করতে পারে?

(খ) আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর আওতায় অপ্রদর্শিত আয় কী কী শর্তে এবং কোন কোন খাতে বিনিয়োগের সুযোগ রয়েছে তা বর্ণনা কর। কর এর শ্রেণিবিভাগ এবং তাদের মধ্যে পার্থক্য আলোচনা কর।]

[Please turn over

CS Scanned with CamScanner

4. *(a)* Distinguish between Income Tax and Value Added Tax.

(b) Discuss the advantages and disadvantages of value added tax.

(c) Write the characteristics of VAT in Bangladesh.

[(ক) আয়কর ও মূল্য সংযোজন কর এর পার্থক্য কর।

(খ) মূল্য সংযোজন কর এর সুবিধা ও অসুবিধা আলোচনা কর।

(গ) বাংলাদেশে মূল্য সংযোজন কর এর বৈশিষ্ট্যসমূহ লিখ।]

5. *(a)* What do you mean by black money? Write in detail about its harmful effects. What are the ways to prevent tax evasion and tax avoidance in Bangladesh?

(b) What do you mean by defaulting taxpayers? Write down the methods of collecting taxes from defaulting taxpayers.

[(ক) কালো টাকা বলতে কী বুঝায়? এর ক্ষতিকর প্রভাব সম্পর্কে বিস্তারিত লেখ। বাংলাদেশে করফাঁকি ও কর এড়ানো প্রতিরোধের উপায়গুলো কী কী?

(খ) খেলাপি করদাতা বলতে কী বুঝ? খেলাপি করদাতা হতে কর আদায়ের পদ্ধতিসমূহ লেখ।]

6. *(a)* Discuss the role and importance of public finance system. Distinguish between public finance and private finance.

(b) Can a civil court try income tax cases? Which person can be a member of the Appellate Taxes Tribunal? Under what circumstances and how to appeal to the Appellate Tribunal?

[(ক) সরকারি অর্থ ব্যবস্থার ভূমিকা ও গুরুত্ব আলোচনা করা। সরকারি অর্থ ব্যবস্থা ও ব্যক্তিগত অর্থ ব্যবস্থার মধ্যে পার্থক্য কর।

(খ) দেওয়ানী আদালত কি আয়কর সংক্রান্ত মোকদ্দমার বিচার করতে পারে? কোন ব্যক্তি অ্যাপিলেট ট্যাক্সেস ট্রাইব্যুনালের সদস্য হতে পারে? কোন কোন পরিস্থিতিতে এবং কীভাবে অ্যাপিলেট ট্রাইব্যুনাল করা যায়?]

7. Write short notes on any **four** of the following :

(a) Tax Holiday Scheme
(b) Direct and Indirect Tax
(c) Depreciation
(d) Spot Assessment
(e) Income Tax Rebate
(f) Large Taxpayer Units (LTE)

[নিম্নের যে কোনো চারটির উপর টীকা লিখুন :

(ক) কর অবকাশ স্কীম
(খ) প্রত্যক্ষ ও পরোক্ষ কর
(গ) অবচয়
(ঘ) স্পট এসেসমেন্ট
(ঙ) আয়কর রেয়াত
(চ) বৃহৎ করদাতা ইউনিট (এল টি ই)]

CS Scanned with CamScanner

8. Mrs. Nazneen Ahsan is a General Manager of a private organization. Her income statement for the financial year 2021-22 is as follows :

1. **Monthly income from salary** : *(a)* Basic salary 80,000 taka, *(b)* House rent 40,000 taka, *(c)* Medical allowance 10,000 taka, *(d)* Travel fare 5,000 taka, *(e)* Received two festival allowances equal to basic salary, *(f)* Deposit 10% of basic salary in a provident fund approved by the employer, *(g)* Organization has deducted Tk. 8,500 monthly from the salary as advance tax to deposit.

2. **Income from house property** : *(a)* Earned 25,000 taka per month for rent of own house, *(b)* Paid 4,500 taka per year for municipal tax and rent, *(c)* Spent 18,000 taka annually for repairs.

3. **Investments** : *(a)* Paid life insurance premium of Tk. 70,800 in the said tax year, *(b)* Purchased five Bangladesh Bank Savings Certificate of Tk. 5,00,000, *(c)* There are two DPS schemes of Tk. 10,000 per month, *(d)* There is a fixed deposit of Tk. 2,00,000.

Based on the above information, determine the total income and tax amount of Mr. Nazneen Ahsan for next year 2021-22.

[মিসেস নাজনীন আহসান একটি বেসরকারি প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তার ২০২১-২২ অর্থবর্ষে অর্জিত আয়ের হিসাব নিম্নরূপ :

১। **বেতন থেকে মাসিক আয় :** (ক) মূল বেতন ৮০,০০০ টাকা, (খ) বাড়িভাড়া ৪০,০০০ টাকা, (গ) চিকিৎসা ভাতা ১০,০০০ টাকা, (ঘ) যাতায়াত ভাড়া ৫,০০০ টাকা, (ঙ) মূল বেতনের সমান দুটি উৎসব ভাতা পেয়েছেন, (চ) মূল বেতনের ১০% ভবিষ্য তহবিলে জমা করেন, (ছ) প্রতিষ্ঠান বেতন হতে ৮,৫০০ টাকা অগ্রিম কর কর্তন করে জমা দেওয়া হয়।

২। **গৃহ সম্পত্তি হতে আয় :** (ক) নিজ বাসা ভাড়া বাবদ মাসিক ২৫,০০০ টাকা আয় করেছেন, (খ) বৎসরে পৌরকর ও খাজনা বাবদ ৪,৫০০ টাকা প্রদান করেছেন, (গ) মেরামত বাবদ বার্ষিক খরচ ১৮,০০০ টাকা ব্যয় করেছেন।

৩। **বিনিয়োগ :** (ক) জীবন বীমার প্রিমিয়াম দিয়েছেন উক্ত কর বছরে ৭০,৮০০ টাকা, (খ) পাঁচ বছর মেয়াদি বাংলাদেশ ব্যাংকের ৫,০০,০০০ টাকা সঞ্চয়পত্র ক্রয় করেছেন, (গ) মাসিক ১০,০০০ টাকার দু'টি ডিপিএস স্কীম রয়েছে, (ঘ) ২,০০,০০০ টাকার ফিক্সড ডিপোজিট রয়েছে।

উপরোক্ত তথ্যের আলোকে তার ২০২১-২২ করবর্ষের আয় ও করের পরিমাণ নির্ধারণ কর।]

CS Scanned with CamScanner

LL.B PART-I EXAMINATION, 2021

MUSLIM LAW

Subject Code : 503

Time—4 hours

Full marks—100

[N.B. All questions are of equal value. Answer any **five** *questions including question* No. **10**.*]*

1. Discuss the origin and development of different schools of Muslim law. Abu Hanifa is said to be "the founder of the theories and principles of Muslim jurisprudence" Do you agree? Discuss.

[মুসলিম আইনের বিভিন্ন মতবাদের উৎপত্তি ও ক্রমবিকাশ বর্ণনা কর। মুসলিম আইন বিজ্ঞানের "আদর্শ ও মতবাদের প্রতিষ্ঠাতা হচ্ছেন আবু হানিফা"—তুমি কি একথা স্বীকার কর? কারণসহ আলোচনা কর।]

2. (*a*) What is maintenance? Discuss use law relating to maintenance of minor children, wife and parents.

(*b*) Can a wife claim maintenance beyond the period of iddat? Is a disobedient wife entitled to maintenance?

[(ক) ভরণপোষণ কী? নাবালক সন্তান, স্ত্রী ও পিতামাতার ভরণপোষণ সম্পর্কে বিধানাবলি আলোচনা কর।

